



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১৮.০০২.২১.৩৮

তারিখ: ৮ মাঘ ১৪২৮

২২ জানুয়ারি ২০২২

বিষয়: বেসরকারি এমপিওভুক্ত কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক ও কর্মচারীদের এমপিও বকেয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭(অংশ-১).১২১;

তারিখ-২৮/০৩/২০২১খ্রি.

(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০১৮-১১; তারিখ-৫/০১/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি এমপিওভুক্ত কলেজের কোন কোন অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক ও কর্মচারীদের এমপিও বা এমপিও বকেয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন না করে সরাসরি আবেদন করছেন। যা জনবল কাঠামো ও এমপিও নীতিমালা এবং বিধি বিধান পরিপন্থী। এ কারণে এমপিও প্রক্রিয়ায় বিশৃঙ্খলা সৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকে। এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১২/১২/২০২১খ্রি. এমপিও কমিটির সভার সিদ্ধান্ত (স্মারক নং ৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০১৮-১১; তারিখ-৫/০১/২০২২খ্রি. (বিবিধ নং -২) এ বলা আছে 'কোন শিক্ষক-কর্মচারীর এমপিও বকেয়ার বিষয়ে আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়নপত্রসহ প্রযোজ্য ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসার এবং উপপরিচালক/পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা আঞ্চলিক কার্যালয় হতে বকেয়ার কারণসহ যাচাইপূর্বক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।'

এমতাবস্থায়, বেসরকারি এমপিওভুক্ত কলেজের সকল অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক ও কর্মচারীদেরকে এমপিও বকেয়া সংক্রান্ত আবেদন প্রতিষ্ঠান প্রধানের অগ্রায়ণপত্রসহ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-১-২০২২

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)

বিতরণ :

১) অধ্যক্ষ, এমপিওভুক্ত বেসরকারি কলেজ(সকল)।

২) প্রধান শিক্ষক, এমপিওভুক্ত বেসরকারি স্কুল এন্ড

কলেজ (সকল)।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.১৮.০০২.২১.৩৮/১(৮১)

তারিখ: ৮ মাঘ ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১) পরিচালক(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল
- ২) সভাপতি, গভর্নিং বডি (সকল), বেসরকারি কলেজ।
- ৩) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল)
- ৪) জেলা শিক্ষা কর্মকর্তা- সকল জেলা
- ৫) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, (সকল)



২২-১-২০২২

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)